

## ইউনেস্কো'র ৩৯তম অধিবেশনে যোগ দিতে শিক্ষামন্ত্রীর ঢাকা ত্যাগ

ঢাকা, ২৯ অক্টোবর

বাংলাদেশের শিক্ষামন্ত্রী এবং ইউনেস্কো'র ভাইস চেয়ারম্যান নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো'র ৩৯তম সাধারণ অধিবেশনে যোগ দিতে গতরাতে ফ্রান্সের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন।

শিক্ষামন্ত্রী আগামীকাল ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে ৩৯তম সাধারণ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখবেন। তিনি ৩১ অক্টোবর লিডার্স ফোরামে জেনারেল পলিসি ডিবেটে অংশ নিবেন। এছাড়া শিক্ষামন্ত্রী ই-নাইন মন্ত্রী পর্যায়ের সভায় সভাপতিত্ব করবেন। সাধারণ অধিবেশন অংশগ্রহণের পাশাপাশি ২০৩০ সালের মধ্যে এসডিজি-৪ বাস্তবায়নে উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনায় অংশ নিবেন। এসডিজি সংক্রান্ত অন্যান্য সভায়ও তিনি অংশ নিবেন।

শিক্ষামন্ত্রী সেখানে ০৯ সদস্যবিশিষ্ট বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিবেন। প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমদ, ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূত এম. শহিদুল ইসলাম, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মো. মঞ্জুর হোসেন রয়েছেন।

শিক্ষামন্ত্রী আগামী ১১ নভেম্বর দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯